৪৮

তারিখ ... 08 SEP 1984.
পৃষ্ঠা ... 9 ... কলাম ... 9 ...

দৈনিক সংবাদ

# শিক্ষামন্ত্রীর বাণী

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে এক বাণীতে শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম নিরক্ষতার অভিশাপ থেকে জাতিকে মুক্ত করতে সম্মিলিত প্রয়াস গ্রহণের জন্য শিক্ষিত জনগোষ্ঠীর প্রতি আহ্বান জানিয়েছেন। খবর তথ্য বিবরণীর।

তিনি বলেন, বাংলাদেশের জন্য এই দিবস উদযাপন অত্যন্ত তাৎপর্যপূর্ণ ; কারণ বাংলাদেশে ৭০ দশমিক ৯ ভাগ লোক নিরক্ষর।

রাষ্ট্রপতি এরশাদের নেতৃত্বে পরিচালিত বর্তমান সরকার ২000 সালের মধ্যে সকলের কাছে শিক্ষার সুযোগ পৌছে দিতে বদ্ধপরিকর। এলক্ষ্যে সার্বজনীন প্রাথমিক শিক্ষা প্রকল্প ও গণশিক্ষা কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। রাষ্ট্রপতি এরশাদ পথ-কলি ট্রাষ্ট গঠনের মাধ্যমে এ লক্ষ্যে নতুন মাত্রার সংযোজন করেছেন। সরকারের প্রচেষ্টার পাশাপাশি বেসরকারী উদ্যোগও আজ ব্যাপকভাবে পরিলক্ষিত হচ্ছে।